



# বাংলাদেশ ফুটবল ফেডারেশন

## BANGLADESH FOOTBALL FEDERATION



তারিখঃ ১১-০২-২০২১

### সংবাদ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ফুটবল ফেডারেশনের হাইজেনিক পার্টনার হিসেবে 'টামপাকো গ্রুপ' এর সাথে এক চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান অদ্য ১১ ফেব্রুয়ারী ২০২১ তারিখ বেলা ১১.৩০ ঘটিকায় পাছপথে অবস্থিত এনভয় টাওয়ারে অনুষ্ঠিত হয়।

'টামপাকো গ্রুপ' এর ক্লিনঅল হ্যান্ড স্যানিটাইজার বিশ্ব স্বাস্থ্য সংস্থা ছ ফর্মুলা অনুসরণ করে প্রস্তুত, বাংলাদেশ ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক অনুমোদিত এবং বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ দ্বারা পরীক্ষিত।

এই চুক্তির আওতায় বাংলাদেশ ফুটবল ফেডারেশন কর্তৃক আয়োজিত সকল ফুটবল প্রতিযোগিতাসমূহ, জাতীয় ফুটবল দল (পুরুষ ও মহিলা) এর আবাসিক ও অনাবাসিক ক্যাম্প এবং বাফুফের অন্যান্য সকল কার্যক্রমে প্রয়োজন অনুযায়ী 'টামপাকো গ্রুপ' হাইজিন সামগ্রী সরবরাহ করবে।

উক্ত চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে বাফুফের পক্ষে উপস্থিত ছিলেন সিনিয়র সহ-সভাপতি জনাব আব্দুস সালাম মুর্শেদী, এমপি ও বাফুফে সাধারণ সম্পাদক জনাব মোঃ আবু নাইম সোহাগ। 'টামপাকো গ্রুপ' এর পক্ষে উপস্থিত ছিলেন ম্যানেজিং ডাইরেক্টর জনাব সাফিউস সামি আলমগীর, ডেপুটি জেনারেল ম্যানেজার (ফাইন্যান্স) কাজী নাসিম উদ্দিন, ডেপুটি জেনারেল ম্যানেজার (সেলস্ এন্ড মার্কেটিং) জনাব জাকির হোসেন, সহকারী ম্যানেজার (এ্যাডমিন) মীর আহসান হাবিব, সহকারী ম্যানেজার (সাপ্লাই চেইন) জনাব এস এম ইব্রাহিম।

আহসান আহমেদ অমিত  
হেড অব মিডিয়া  
বাংলাদেশ ফুটবল ফেডারেশন।